‘ঢাকা টাইমস’ এর সম্পাদককে হুমকির প্রতিবাদে গাংনীতে মানববন্ধন

ঢাকা টাইমস পত্রিকার সম্পাদক আরিফুর রহমান দোলনকে প্রাণ নাশের হুমকির প্রতিবাদে মানববন্ধন করেছে মেহেরপুরের গাংনীর সাংবাদিকবৃন্দ।

গতকাল মঙ্গলবার সকাল ১০ টার সময় মেহেরপুরের গাংনী প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। ঢাকা টাইমস পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি রাজিবুল হক সুমনের নেতৃত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন গাংনী প্রেসক্লাবের সভাপতি রমজান আলী।

মেহেরপুর জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দরা মানববন্ধনে অংশ গ্রহন করেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর কসবা গ্রামে নিম্মমানের ইট বালু দিয়ে রাস্তা নির্মাণ

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের কসবা গ্রামে নিম্ম মানের ইট বালু দিয়ে হেরিং বন্ড রাস্তা নির্মাণের অভিযোগ উঠেছে।

ঐ গ্রামের ৬নং ওয়ার্ড এলাকার বাজার পাড়ার শুকলালের বাড়ি থেকে বাজারের মোড় পর্যন্ত ১শ’২০ ফিট হেরিং বন্ড রাস্তার কাজটি এলজিএসপির আওতায় ১লক্ষ টাকা ব্যয়ে নিমাণ করা হচ্ছে।

কাজটির প্রকল্প সভাপতি ঐ ওয়ার্ডের মহিলা মেম্বর সুফিয়া বেগম এর সাথে জানতে চাইলে তিনি বলেন, কোন ভাটাতে ভাল মানের ইট না থাকায় নি¤œমানের ইট ব্যবহার করা হচ্ছে। তবে তিনি যে প্রকল্প পরিচালক

হিসেবে প্রথমে অস্বীকার করে নিলু মেম্বরের কথা বললেও দুজনের মুখো মুখিতে সুফিয়া মেম্বর শিকার করেন এ প্রকল্পের তিনিই সভাপতি।

কোনভাবেই নি¤œমানের সামগ্রী দিয়ে কাজ করার নিয়ম আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, স্থানীয়দের চাপে দ্রæত রাস্তাটি নির্মাণ করতে বাধ্য হয়েছি। তবে নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন অভিযোগ করে বলেন সুফিয়া মেম্বরকে অভিযোগ করলেও তিনি আমাদের কথা কর্নপাত করেননি।

মেম্বর সুফিয় এক পর্যায়ে উত্তেজিত হয়ে সাংবাদিকদের বলেন, নি¤œমানের ইট বালু দিয়ে কাজ করছি আমার জেল ফাঁস যা হয় হোক সেটা আমি দেখে নেব। এই ইট বালু দিয়েই রাস্তার কাজ হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, কোন ভাবেই কোন অজুহাতেই নি¤œমানের সামগ্রী দিয়ে রাস্তা নির্মাণ করার নিয়ম নেই। তিনি আরও বলেন বিষয়টি অফিসিয়াল ভাবে তদন্ত করে ব্যবস্থা গ্রহন করব।

- গাংনী প্রতিনিধি

পাইকারি ব্যবসায়ীদের কারসাজিতে পেঁয়াজের দাম বেশি

গাংনীতে আড়ৎদারের কারসাজিতে পেঁয়াজে দাম নিয়ন্ত্রণে আসছেনা এমনটিই জানালেন মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। তিনি বলেন আড়তদারদের এ কারসাজি আমরা যে কোন মুল্যে রুখে দেব।

গতকাল মঙ্গলবার বিকেলে গাংনী সবজি বাজার মনিটরিং করার সময় অসাধু ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি সতর্ক করেন এবং বলেন, এর আগেও যারা পাইকারি ব্যবসায়ী তাদেরকে বেশি দামে পেঁয়াজ আমাদানি ও বাজারজাত না করার জন্য অনুরোধ করেন। তারপরও তারা আমার কথা না শুনে আবারও

পেঁয়াজ সিন্ডিকেটের পায়তারা করছে। এ সুযোগটা তারা পেয়েছে যুবলীগের কাউন্সিলের কারণে ঢাকায় অবস্থান করার কারণে।

বাজার মনিটরিং এর আগে গাংনী বাজারে পেঁয়াজের দাম খুচরা বিক্রেতারা কেজি প্রতি ২শ’ ২০ থেকে ২শ’৩০ টাকা পর্যন্ত বিক্রয় করছিল। চেয়ারম্যান এম এ খালেক মনিটরিংএ নামার সাথে সাথে দাম কমে কেজি প্রতি ২০ টাকা কমে ২শ’ টাকায় নেমে আসে। এসময় কিছু ব্যবসায়ী গাংনীর কাঁচা বাজারের মেসার্স সততা ভান্ডারের রশিদ দেখিয়ে বলেন ২শ’১০ টাকা কেজি দরে পেঁয়াজ ক্রয় করে তা ২শ’ টাকা করে বিক্রয় করা আমাদের জন্য ক্ষতি। পরে আড়তদারদের নির্দেশে ২শ’ টাকা কেজি দরে বিক্রয় করা শুরু করে।

এম এ খালেক গাংনীর আড়তদার সততা ভান্ডারের মালিক সাহাদুলের কারসাজির বিষয়ে বলেন, এর আগেও ঐ ব্যবসায়ীর সাথে জানতে চাওয়া হয়েছিল তিনি কোন জায়গায় থেকে মালামাল আমদানি করেন। কিন্তু তিনি কোন চালান বা রশিদ দেখাতে পারেননি।

এম এ খালেক বলেন, দু’মাস আগে এলসি খুলে বাইরে থেকে ৪০ টাকা কেজি দরে পেঁয়াজ দেশে আমদানি করার পরও বেশি দামে কেন পেঁয়াজ বিক্রয় হবে। চেয়ারম্যান এম এ খালেক মনে করেন ব্যবসায়ী সাহাদুল অথবা এ ধরণের যারা ব্যবসায়ী তারা পেঁয়াজ মজুদ রেখে তা অল্প পরিমানে বাজার জাত করে কৃত্রিমভাবে পেঁয়াজের সংকট তৈরি করে এর দাম বাড়াচ্ছে।

তিনি হুশিয়ারি উচ্চারণ করে বলেন আজকের পর থেকে শুধু সাহাদুলই নয় কোন ব্যবসায়ী অসাধু পন্থা অবলম্বোন করে বাজার পণ্যের দাম বাড়িয়ে তোলেন তাহলে তাদের নাম সিন্ডিকেট ব্যবসায়ীদের তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।

এদিকে গাংনীবাজার কমিটির সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলু ব্যবসায়ি সাহাদুলকে আরেকটি বার সতর্ক করে সুযোগ দেওয়ার জন্য অনুরোধ করে তিনি বলেন, তাকে আমরাও সতর্ক করব এর পরও যদি তিনি বেশি দামে পেঁয়াজ আমাদানি বা বাজারজাত করেন তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা করাতে আমাদের কোন অনুরোধ থাকবে না।

- এ সিদ্দিকী শাহীন,গাংনী

মেহেরপুরে চুরির অভিযোগে ইউপি সদস্য হিমাদুল সহ ৬ জন আটক

সদর উপজেলার পিরোজপুর গ্রামে স্বর্ণের দোকান ও মুদি দোকানে চুরির অভিযোগে পিরোজপুর গ্রাম থেকে ইউপি সদস্য হিমাদুল ইসলামসহ ৬ জনকে আটক করেছে সদর থানা পুলিশ। মঙ্গলবার গভীর রাতে নিজ বাসভবন থেকে তাদের আটক করে।

আটককৃতরা হলেন, পিরোজপুর গ্রামের হামেল সর্দ্দারের ছেলে ও ইউনিয়ন পরিষদের ১নম্বর ওয়ার্ডের মেম্বার হিমাদুল ইসলাম, একই গ্রামের বাবলু মিয়ার ছেলে রুবেল হোসেন, বাবুর আলীর ছেলে বাপ্পি হোসেন, আব্দুল ফকিরের ছেলে কালু মিয়া, ছাপা মন্ডলের ছেলে মেহুরুল ইসলাম, আশার ছেলে মহব্বত আলী।

জানা গেছে, গত রবিবার রাতে সদর উপজেলার পিরোজপুর গ্রামের সেতু জয়েলার্স ও বিশ্বাস এন্টার প্রাইজে গ্রীল ও সাটারের তালা কেটে সোনা , নগদ টাকাসহ মালামাল চুরির অভিযোগে মঙ্গলবার রাতে তাদের আটক করে সদর থানা ও পিরোজপুর ক্যাম্প পুলিশ। এলাকাসূত্রে আরও জানা যায়, পিরোজপুর গ্রামে জিয়ারুল ইসলামের সেতু জুয়েলার্স থেকে স্বার্ণালঙ্কার ও নগদ টাকা এবং আজিজুলের বিশ্বাস এন্টারপ্রাইজ থেকে নগদ টাকা ৬৫ হাজার টাকাসহ অনেক মালামাল চুরি হয়েছে।

তবে পিরোজপুর পুলিশ ক্যাম্পে আটককৃতরা পশ্চিম পাড়া কমিউনিটি সেন্টার কম্পিউটার, হাইস্কুলের ল্যাপটপ চুরির বিষয়টি স্বীকার করেছে বলে জানা গেছে।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোস্তাফিজুর রহমান জানান, যাদেরকে আটক করা হয়েছে। তাদেরকে জিজ্ঞাসাবাদ শেষে সিদ্ধান্ত নেওয়া হবে। তাদেরকে এখন জিজ্ঞাসাবাদের জন্য থানা হেফাজতে রাখা হয়েছে।
- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ট্রাফিক সচেতনতা সপ্তাহ পালন

মেহেরপুরে ট্রাফিক সচেতনতা সপ্তাহ পালন করা হয়েছে। এ উপলক্ষে বুধবার সকালে জেলা পুলিশ সুপারের কার্যালয় থেকে একটি বর্ণাড্য শোভাযাত্রা বের করা হয়।

পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নেতৃত্বে শোভাযাত্রা টি পুলিশ সুপার কার্যালয় থেকে শুরু করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় পুলিশ সুপার কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা করা হয়। সভায় বক্তব্য দেন পুলিশ সুপার এসএম মুরাদ আলী, জেলা বাস মালিক সমিতির লাইন সম্পাদক হাসিবুল, জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, জেলা ট্রাক ও ট্রাংকলরী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক কুতুবুদ্দিন বাবু।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম, মোস্তাফিজুর রহমান (সার্কেল), গাংনী থানার ওসি ওবায়দুর রহমান, মুজিবনগর থানার ওসি আবুল হাসেম,ডি আই ও ওয়ান ফারুক হোসেন, কোর্ট ইন্সপেক্টর গোলাম মোহাম্মদ, আব্দুল আউয়াল, টিআই ১ ইসমাইল হোসেন, টি আই ২ মুজতবা প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

“ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর”

এর উদ্যোগে কম্বল বিতরণ

সামাজিক ও ফেসবুক সংগঠন “ঐতিহাসিক মেহেরপুর মুজিবনগর” গ্রুপের পক্ষ থেকে গত কাল রাতে বিভিন্ন স্থানে খুঁজে খুঁজে অসহায় ও মানসিক প্রতিবন্ধীদের মাঝে কম্বল ও খাবার বিতরণ।

এর আগে গত শুক্রবার গ্রুপের পক্ষ থেকে ১ টি নতুন সাউন্ড সিস্টেম ইন্তেবাহুল উম্মাহ মাদ্রাসায় প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মোঃ কামরুজ্জমান পলাশসহ-সভাপতি মোঃ হোসেন খাঁন রিপন
সাধারণ সম্পাদক রাব্বি আহমেদ ইমন সহ-সাধারণ সম্পাদক মাহবুবউর রহমান নয়ন,
সাংগঠনিক সম্পাদক তারিকুল ইসলাম রাজিব, সহ-সাংগঠনিক সম্পাদক মাহাবুব জামান সোহাগ
কোষা দক্ষ আবির, দপ্তর সম্পাদক- রিপন, সুজন, সজিব, সিজান, লিটন সহ অন্যান্য সদস্যবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

সভাপতি রব সম্পাদক আলমগীর

গাংনীর হেমায়েতপুর বাজার কমিটির দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে আব্দুর রব ও সাধারণ সম্পাদক পদে আলমগীর হোসেন নির্বাচিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০টা থেকে বিকেলে ৩টা পযন্ত বিরতিহীন ভাবে এ ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়।

এ নির্বাচনে সভাপতি পদে পাঁচজন, সাধারণ সম্পাদক পদে তিনজন, সাংগঠনিক সম্পাদক পদে তিনজন এবং কোষাধ্যক্ষ পদে ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন।

সভাপতি সম্পাদক ছাড়াও সাংগঠনিক সম্পাদক পদে মিনারুল ইসলাম ও কোষাধ্যক্ষ পদে বাবলু হোসেন নির্বাচিত হয়েছেন।

প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করেছেন রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাংবাদিক মিজানুর রহমান।

নির্বাচন কমিশনার হিসেবে সেকেন্দার আলী ও সহকারী কমিশনার হিসাবে সাংবাদিক মাজেদুল হক মানিক দায়িত্ব পালন করেন। নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষায় দায়িত্বে ছিলেন হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা।

– নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর হরিরামপুরে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশু বিবাহ ও পারিবারিক সহিংসতা প্রতিরোধে কমিউনিটির ভূমিকা শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউক ও জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরাম যৌথভাবে এই সভার আয়োজন করে।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমিরুল ইসলাম এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সহকারী কমিশনার ভূমি মো: মাইনউদ্দিন।
বিশেষ অতিথি ছিলেন বুড়িপোতা ইউপি চেয়ারম্যান মো: শাহজামান।

স্বাগত বক্তব্য রাখেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: আনাজ আলী।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মো: শহিদুল ইসলাম (মাষ্টার) ও আওয়মীলীগ ওয়ার্ড সভাপতি আব্বাছ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা জোয়াদ আলী ও ইউপি সদস্য সানোয়ার হোসেন।

সভায় অনুষ্ঠানের প্রধান অতিথির সামনে সমাবেত দু’শতাধিক অভিভাবক তাদের সন্তানদের শিশু বিবাহ না দেওয়ার ওয়াদা করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাঅধিকার কর্মী সাদ আহাম্মদ।

- নিজস্ব প্রতিনিধি

দিনমজুর সহ নিহত ২, আহত-৪

মাত্র দুই দিনের ব্যবধানে মেহেরপুর সদরের বারাদীতে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় দুইজন নিহত হয়েছে।
গত শনিবার বারাদীর বিএডিসি হিমাগারের সামনে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর সদরের যুগিন্দা গ্রামের মৃত খেদের আলীর ছেলে করিমনচালক শহিদুল ইসলাম (৪৫) নিহত হয়।

আহত হয় করিমনে থাকা তারই ছেলে জাহিদ (১৮) ও একই গ্রামের আলতাব আলীর ছেলে জামাত আলী (৪৫) ।

জানা যায়, ভালাইপুর থেকে পান বিক্রি করে বাড়ী ফেরার পথে দুর্ঘটনা কবলিত হয়ে মারা যান করিমন চালক শহিদুল ইসলাম।

অপরদিকে গতকাল সোমবার বারাদি বাজারের অদূরে সড়ক দুর্ঘটনায় জামাল উদ্দিন (৪৫) নামের এক শ্রমিক নিহত এবং আব্বাস (৪৭) ও রিপন (৩৮) নামের আরও ২ শ্রমিক আহত হয়েছেন ।

গতকাল সোমবার সকাল ৬ টার দিকে বারাদি বাজারের মশুরীভাজায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জামাল মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মৃত জমির উদ্দিনের ছেলে।

আহত আব্বাস পার্শ্ববর্তী শিবপুর গ্রামের ইয়াসনবীর ছেলে এবং রিপন একই গ্রামের আরজান মÐলের ছেলে।
ঘটনার বিবরণ জানা গেছে, গতকাল সোমবার সকালে ৭-৮ জনের একদল

শ্রমিক একটি আলগামন যোগে মেহেরপুর সদর উপজেলার চাঁদপুরে ফুলকপি কাটার উদ্দেশে রওনা দেন। আলগামন বারাদি বাজারের অদূরে মশুরীভাজায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি গাড়িকে সাইড দিতে গেলে আলগামন চালক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে উল্টে যায়।

এতে জামাল, আব্বাস এবং রিপন আহত হন। আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করার পর জামালের মৃত্যু হয়।
আহত আব্বাস বিশ্বাস বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন এবং আহত রিপনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে ।

প্রত্যক্ষদর্শী ও জন সাধারণের মতে, সড়কে দিন দিন এই সব অবৈধযানের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় রাস্তায় নির্বিঘেœ চলাচল করায় দুষ্কর। কখন কে এসে কাকে মারে তা বলা দায়।

আজকাল অদক্ষ ও অপরিণত বয়সের ছেলেপিলে এই সব অবৈধ যানের চালক। কোন নিয়মনীতির তোয়াক্কা না করেই বেপরোয়া গতিতে এরা গাড়ী চালায়, তাতে বেড়েই চলেছে দুর্ঘটনা ঘটছে প্রাণহানী। যেন দেখার কেউ নেই।

- বারাদী প্রতিনিধি

গাংনীতে বিএনপি নেতা আব্দাল হকের বাবার ইন্তেকাল

মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দাল হকের বাবা সাত্তার আলী ইন্তেকাল করেছেন (ইন্না—–রাজিউন)।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি স্ত্রী,২ ছেলে ও ২ মেয়েসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।
গতকাল সোমবার ভোররাত ৩টা ২৫ মিনিটে বাংলাদেশ ক্যান্সার সোসাইটি হাসপাতাল (ঢাকা)-এ চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

গতকাল সোমবার বিকেল ৪টার সময় নিজ গ্রাম গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের শিমুলতলা গ্রামের ঈদগাহ ময়দানে মরহুম সাত্তার আলীর জানাজা নামাজ শেষে স্থানীয় গোরস্থানে দাফন্ন হবে বলে পারিবারিক সূত্র জানায়।

এদিকে তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেনসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীরা।

- গাংনী প্রতিনিধি